



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
বেসরকারী এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

শেখ হাসিনার হাতটি ধরে পথের শিশু
যাবে ঘরে।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.৭৫

৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য (অনুদান) ক্যাপিটেশন গ্র্যান্ট ১ম কিস্তি (জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট ১ম কিস্তি (জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত এতিমখানা সমূহের পরিদর্শন 'ছক' সংগ্রহপূর্বক অধিদপ্তরে প্রেরণ করবেন।

২. তাঁর আওতাধীন ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল বেসরকারি প্রতিষ্ঠানের শিরোনাম (নিবন্ধন সনদ অনুযায়ী) সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক পত্রের সাথে সংযুক্ত পরিদর্শন ছকে শিশুর সংখ্যা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩. যেসকল প্রতিষ্ঠানে ন্যূনতম ১০ (দশ) জন নিবাসি অবস্থান করে না, সেসকল প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রদানের সুপারিশ করা যাবে না।

৩. ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানার সকল এতিম শিশুদের স্থানীয় প্রাইমারী/মাধ্যমিক/সমমান শিক্ষা প্রতিষ্ঠানে ১০০% ভর্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩. ০১ জানুয়ারি ২০২৪ **Cut off date** এর পরে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দের ক্ষেত্রে এতিমখানার শিশুদের প্রাইমারী/মাধ্যমিক/সমমান শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বিষয়টি বাধ্যতামূলক শর্ত হিসেবে গণ্য করা হবে।

৬. নতুন প্রতিষ্ঠানে ক্যাপিটেশন গ্র্যান্টের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে ৩০ জুন ২০২৩ এর পূর্বে নিবন্ধিত প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য তথ্য প্রেরণ করা যাবে। এক্ষেত্রে নতুন প্রতিষ্ঠান ইউনিটওয়ারী (উপজেলা/ইউসিডি) সিরিয়াল/ক্রমধারা অনুসারে তালিকা করতে হবে।

৭. কোন প্রতিষ্ঠান বিষয়ে মন্তব্য (সংযোজন/বিয়োজন/বিরূপ) থাকলে তা "মন্তব্য" কলামে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কিস্তির বরাদ্দ পত্রের ক্রমানুসারে ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরির নিমিত্ত তাঁর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনপূর্বক সংযুক্ত ছক আগামী ২৫ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর রেজিস্ট্রি/কুরিয়ার সার্ভিস/বাহক মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে যাদের প্রস্তাব পাওয়া যাবেনা, তাদের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবেনা।

সংযুক্ত: পরিদর্শন ছক-০১ পাতা।

২০-০৭-২০২৩

মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক (যুগ্মসচিব)

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.৭৫/১ (৮)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;
- ২। পরিচালক (যুগ্মসচিব), প্রশাসন ও অর্থ অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
- ৩। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
- ৪। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
- ৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল);
- ৬। সকল উপজেলা নির্বাহী অফিসার;
- ৭। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল) এবং
- ৮। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)।



২৩-০৭-২০২৩
মো: আফজাল হোসাইন
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) পরিদর্শন ছক সংযুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
নাটোর।
www.dss.natore.gov.bd

স্মারক নম্বর : ৪১.০১.৬৯০০.০০০.০১.০০২.২৩. ০৬০

১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ :-----
২৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ মোস্তাফিজুর রহমান
উপপরিচালক
ফোনঃ ০২৫৮৮৮৭১১৪১

ই-মেইল: dd.natore@dss.gov.bd

উপজেলা সমাজসেবা অফিসার
নাটোর সদর / গুরুদাসপুর / নলডাঙ্গা / বড়াইগ্রাম /
লালপুর / সিংড়া, নাটোর।

ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ প্রদানের প্রতিবেদন ছক

জেলার নাম	উপজেলার নাম	এতিমখানার নাম ও ঠিকানা (গ্র্যান্ট প্রাপ্ত ও বিহীন)	নিবন্ধন নং এবং তারিখ	বর্তমান এতিম শিশুর সংখ্যা	স্কুলে ভর্তিকৃত শিশুর সংখ্যা (সাধারণ শিক্ষা)				
				ছেলে	মেয়ে	মোট	মধ্যমিক বিদ্যালয়	সমমানের শিক্ষা প্রতিষ্ঠান	মোট

বিগত অর্ধবছরে মোট গ্র্যান্টপ্রাপ্ত শিশুর সংখ্যা	অর্ধবছরে মোট গ্র্যান্টপ্রাপ্ত অর্থের পরিমাণ	বিগত অর্ধবছরে ব্যয়িত অর্থের পরিমাণ	অর্ধবছরে অব্যয়িত অর্থের পরিমাণ/কারণ ব্যাখ্যা	সন্তোষজনক/অসন্তোষজনক	মতবা
---	---	---	---	----------------------	------